



প্রধান বিচারপতির সঙ্গে সেনাপ্রধানের বৈঠক, একই দিনে প্রধান উপদেষ্টার সঙ্গে পিএসওর সাক্ষাৎ



সংগৃহীত ছবি

প্রধান বিচারপতি ড. সৈয়দ রেফাত আহমেদের সঙ্গে গুলশানে বৈঠক করেছেন সেনাপ্রধান জেনারেল ওয়াকার-উজ-জামান। একই সময়ে রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের সঙ্গে সাক্ষাৎ করেন এএফডির প্রিন্সিপাল স্টাফ অফিসার লেফটেন্যান্ট জেনারেল এস. এম. কামরুল হাসান। বৈঠকগুলোতে কী বিষয়ে আলোচনা হয়েছে, তা এখনও প্রকাশ করা হয়নি।

বাংলাদেশের প্রধান বিচারপতি ড. সৈয়দ রেফাত আহমেদের সঙ্গে বৈঠক করেছেন সেনাবাহিনী প্রধান জেনারেল ওয়াকার-উজ-জামান। রোববার (৩১ আগস্ট) গুলশানে প্রধান বিচারপতির বাসভবনে এ সাক্ষাৎ অনুষ্ঠিত হয়। বৈঠকে কী নিয়ে আলোচনা হয়েছে, সে বিষয়ে তাৎক্ষণিকভাবে কোনো তথ্য জানানো হয়নি।

অন্যদিকে প্রায় একই সময়ে রাজধানীর কয়েক কিলোমিটার দূরে রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের সঙ্গে সাক্ষাৎ করেন সশস্ত্র বাহিনী বিভাগের (এএফডি) প্রিন্সিপাল স্টাফ অফিসার (পিএসও) লেফটেন্যান্ট জেনারেল এস. এম. কামরুল হাসান। এখানেও আলোচনার বিষয়বস্তু সম্পর্কে আনুষ্ঠানিকভাবে কিছু জানানো হয়নি।

প্রসঙ্গত, সশস্ত্র বাহিনী বিভাগ সরাসরি প্রধান উপদেষ্টার কার্যালয়ের অধীনে পরিচালিত হয়। এই বিভাগের প্রিন্সিপাল স্টাফ অফিসার তিন বাহিনীর কার্যক্রম সমন্বয়সহ একাধিক গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করে থাকেন।